

# পদত্যাগ করেছেন ববি রেজিস্ট্রার অধ্যাপক ড. মুহসিন

ববি প্রতিনিধি



অধ্যাপক ড. মুহসিন উদীন। ছবি : সংগৃহীত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) পদ

থেকে পদত্যাগ করেছেন অধ্যাপক ড. মুহসিন উদীন। সোমবার

(২৭ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. তোফিক

আলমের দণ্ডে পদত্যাগপত্র জমা দেন তিনি।

এর আগে চলতি বছরের ২১ মে তিনি রেজিস্ট্রার (অতিরিক্ত

দায়িত্ব) হিসেবে যোগদান করেছিলেন। ছয় মাস পর্যন্ত এ পদে

থাকার কথা থাকলেও মেয়াদ পূর্ণ হওয়ার আগেই তিনি পদত্যাগ

করলেন।

পদত্যাগের কারণ সম্পর্কে অধ্যাপক ড. মুহসিন উদীন বলেন,

‘আমি যখন যোগদান করি, তখনই পরিষ্কারভাবে জানিয়েছিলাম

যে ছয় মাসের বেশি দায়িত্বে থাকব না। মেয়াদ শেষ হতে বিশ-

পঁচিশ দিনের মতো বাকি থাকতে ইউডিসির স্পিডেল প্রকল্পের

একটি টিম বাজেট অ্যাসেসমেন্টে আসে। কিন্তু তারা বাজেট  
পর্যালোচনার পাশাপাশি আমার সম্পর্কে কিছু ভিন্ন ধরনের  
পর্যবেক্ষণ তুলে ধরে।’

তিনি আরো বলেন, ‘তাদের মন্তব্যগুলোর মধ্যে ছিল- একজন  
অধ্যাপক কেন রেজিস্ট্রারের দায়িত্ব পালন করছেন, কেন আমি  
অ্যাকাডেমিক কাউন্সিল ও সিডিকেট সভায় উপস্থিত থাকি,  
বিশ্ববিদ্যালয়ের গাড়ি ব্যবহার করি, কিংবা ক্যাম্পাসে অবস্থান করি  
না।

এসব মন্তব্য আমার কাছে অযৌক্তিক, অগ্রহণযোগ্য ও  
অপমানজনক মনে হয়েছে। তাই আমি স্বেচ্ছায় পদ থেকে সরে  
দাঁড়িয়েছি।’

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. তোফিক আলম বলেন,  
'রেজিস্ট্রারের পদত্যাগপত্র জমা দেওয়ার বিষয়টি শুনেছি, তবে  
এখনো আনুষ্ঠানিকভাবে তা আমার হাতে পৌঁছেনি।'